R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মির্জাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ.
১৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৭ই আশ্বিন বুধবার, ১৩৯৩ সাল।
২৪শে সেপ্টেম্বর, ১৯৮৬ সাল।

নগদ মূল্য : ৩০ পয়সা
বার্ষিক ১৫্ সডাক

## বর্গাদারের গাফিলতিতে বহু জমি নষ্ট হচ্ছে

সাগরদীঘি : এ অঞ্চলের বাড়ালা, পাটকেলডাঙ্গা, গোবর্ধনডাঙ্গা এবং সাগরদীঘি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বহু ধানীজমিতে এবার খরার জন্য ধান গাছে হলদে ভাব দেখা দেয়। সাম্প্রতিক বর্ষণে সেইসব গাছে স্বাভাবিক রং ফিরেছে। চাষীর মুখেও হাসি ফুটেছে। কিন্তু ক্ষুদ্র ও প্রান্তিক চাষী যাদের জমি বর্গাদারদের দখলে, তাদের মুখের হাসি বিলীন। তাদের বক্তব্য, জমিগুলিতে এমন এমন লোক বর্গার দখল পেয়েছে যারা চাষই জানে না। তার উপর সরকারী সমর্থন পাওয়াই তারা মালিককে আইনমত ফসলের ভাগও দেয় না। দেখা যাচ্ছে একই প্লটের মধ্যে প্রগতিশীল চাষী নিজে যে সব জমি চাষ করেছে সেগুলো সোনা হয়ে আছে, আর পাশে বর্গাদারের জমিতে পরিচর্য্যা পর্য্যন্ত ঠিকমত হচ্ছে না। অনেক বর্গাদার জমি চাষ না করে নষ্ট করে দিচ্ছে। মালিকদের আরোও অভিযোগ—যে জমিতে সত্যি-সত্যি ধান চাষ করা সম্ভব হয়নি, সেগুলিতে আশ্বিন মাসে বি-৯, বি-৮৫ জাতের সরষে, গম কিংবা ছোলার চাষ করতে পারলে মালিক ও বর্গাদার উভয়েই লোকসান থেকে বাঁচতে পারে। তাদের দাবী—প্রশাসনিক কর্তাব্যক্তিরা এ ব্যাপারে সজাগ হোন এবং জমি নষ্ট করা আইনতঃ অপরাধ একথা বুঝিয়ে বলুন। প্রয়োজনে আইন মাফিক চাপ সৃষ্টি করুন। শুধু-মাত্র বর্গা দখল পাইয়ে দেওয়াই নয় তাঁরা মালিকের স্বার্থ ও জমির স্বার্থ দেখবেন—এটুকু মালিকরা নিশ্চয় আশা করতে পারে।

## বি ডি ও প্রকল্পের কাজ বন্ধ রাখলেন

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ-২ নং ব্লকের সেকেন্দ্রা গ্রামে ৯ বিঘা জমির উপর একটি পুকুর সংস্কারের কাজে এক লক্ষ টাকা আর, এল, ই, জি, পি-তে মঞ্জুর হয়ে তার কাজ শুরু হয়ে যায়। আগামী ৫ বছরের চুক্তিতে মাছ চাষ ও প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার একটি প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যেই পুকুরটি সংস্কার করা হয়। কিছুদিন পূর্বে স্থানীয় মানুষের অভিযোগক্রমে বি ডি ও তদন্ত করতে গিয়ে জানতে পারেন পুকুর সংস্কারের কাজে সরকারী টাকা বেহিসেবীভাবে খরচ করা হয়েছে। ভূতুড়ে নাম দেখিয়ে মজুরীর টাকা তছনছ করা হয়েছে বলেও তাঁর সন্দেহ হয়। এ পরিস্থিতিতে বি ডি ও ঠিকাদারের বিল মঞ্জুর করেন না। (৪র্থ পৃষ্ঠায়)

## আন্তর্জাতিক সম্মেলনে জঙ্গিপুরের ছেলে

গত ২২ থেকে ২৫ সেপ্টেম্বর পর্য্যন্ত চেকোশ্লোভেকিয়ার ব্রাতিশ্লাভা শহরে যে 'International Symposium of Radiological Physicists' অনুষ্ঠিত হচ্ছে সেখানে ডঃ অশোক সিংহ একটি গবেষণামূলক প্রবন্ধ পাঠ করবেন। ডঃ সিনহা একমাত্র ভারতীয় যিনি এই আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করলেন। ডঃ অশোক সিংহ জঙ্গিপুর নিবাসী ৺চণ্ডিদাস সিংহের কনিষ্ঠ পুত্র এবং জঙ্গিপুর কলেজের প্রাক্তন অধ্যাপক। ডঃ সিংহ বর্তমানে শিলচর রিজিওনাল ইঞ্জিনীয়ারিং কলেজের পদার্থ বিদ্যার প্রধান অধ্যাপক।

## প্রফুল্ল গুপ্ত চলে গেলেন

বহরমপুর : অকুতদার স্বাধীনতা যুদ্ধের আপোষ-হীন সৈনিক প্রফুল্লকুমার গুপ্ত গত ২২ সেপ্টেম্বর বহরমপুর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ১৯ সেপ্টেম্বর সকালে মস্তিষ্কে রক্তক্ষরণহেতু সংজ্ঞাহীন অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্ত্তি করা হয়। ৪২ ঘন্টা মৃত্যুর সঙ্গে যুদ্ধ করে তিনি পরাজিত হন। প্রফুল্ল গুপ্ত ১৯১৪ সালে জন্মগ্রহণ করেন। মাত্র ১৮ বছর বয়সে বৈপ্লবিক কার্য্যকলাপে জড়িত থাকার অভিযোগে কারারুদ্ধ হন। ১৯৩৭ সালে মুক্তি পেয়ে তিনি জাপান যাত্রার পাশপোর্টের আবেদন করেন। কিন্তু বৃটিশ সরকার তা না মঞ্জুর করে। এরপর ১৯৪২ এর ভারত ছাড়ো আন্দোলনে আগ্রায় পুনরায় বন্দী হন। ১৯৪৬ সালে উত্তরপ্রদেশ থেকে বহি-ষ্কারের আদেশ দিয়ে তাঁকে মুক্তি দেওয়া হয়। কিন্তু বাংলায় এলে তাঁকে পুনরায় গ্রেপ্তার করে তুইমাস কাল ১৩নং লর্ড সিংহ রোডের আই বি হেফাজতে রাখা হয়। স্বাধীনতা আন্দোলনের যুগের বিপ্লবী পান্নালাল দাশ-গুপ্তের বিশিষ্ট সহকর্মী হিসাবে তিনি তাঁর সাথে গোপন বিপ্লবী আন্দোলনে অংশ গ্রহণ করেন। পরবর্তীকালে স্বাধীনোত্তর যুগে তিনি সাংবাদিকতা পেশায় অংশ নিয়ে টাইমস্ অফ ইণ্ডিয়া, সত্যযুগ, লোকসেবক, দৈনিক যুগান্তর প্রভৃতি পত্রিকার সঙ্গে যুক্ত থাকেন। তিনি স্কুল পাঠ্য দুইটি পুস্তকসহ মোট ২১ খানি পুস্তকও লিখেছেন। এর মধ্যে 'স্বাধীনতা সংগ্রামে মুর্শিদাবাদ' উল্লেখযোগ্য। বৃটিশ আমলে তাঁর দুটি পুস্তক (৪র্থ পৃষ্ঠায়)

১৯৮৬ সালের নতুন চা—গৌহাটী, শিলিগুড়ি ও কলকাতার বাজার দরের সাথে সমতা রক্ষা করে চা ভাণ্ডারে পাওয়া যাচ্ছে "পাইকারী চা"। বেকার ও নতুন ব্যবসায়ীদের জন্য বিশেষ ব্যবস্থা আছে। চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ডায়মণ্ড বেকারী
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট
প্রস্তুতকারক

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৭ই আশ্বিন বুধবার, ১৩৯৩ সাল

## 'দিনগুলি মোর...'

খাদ্যসুখে এক সময় জঙ্গিপুর রঘুনাথগঞ্জ শহরের একটা খ্যাতি ছিল। বাহিরের অনেকে এখানে আসিয়া রসনা পরিতৃপ্ত করিয়া আত্মিক সুখ লাভ করিতেন। প্রাক্ স্বাধীনতা কালে এখানে খাইয়া এবং খাওয়াইয়া আনন্দ লাভের যথেষ্ট কারণ ছিল। তখন এমন বহুমুখী ব্যাধি ছিল না; অধিক ফসলের তাগিদে রাসায়নিক প্রয়োগে আনাজ সবজি বিস্বাদ হয় নাই; ঢেঁকিছাঁটা চাল ও জাঁতাপেষা আটা স্বাদে ও খাদ্যমূল্যে পূর্ণ ছিল। পাকাফলের সুরস ও সুস্বাদই কি কম ছিল। গরীবের সংসারেও অন্ততঃ এক বেলা আমিষ অর্থাৎ মাছ দেখা যাইত।

জমানা বদলাইয়া গেল। লোক-সংখ্যার অস্বাভাবিক বৃদ্ধি ঘটিতে লাগিল। উৎপাদন বাড়াইবার নানা চিন্তা-ভাবনা শুরু হইয়া গেল। পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়া লব্ধ নানা শঙ্কর জাতির ধান, গম জমিতে উৎপন্ন হইতে লাগিল। অধিক ফসলের জন্য বিবিধ সার প্রয়োগ চলিতে থাকিল। বসবাসের সমস্যা সমাধানে জমি কমিতে লাগিল। অভাব পূরণের জন্য বনসম্পদ বিনষ্ট করা চলিল, স্বাভাবিক কারণেই উৎ-পাদনের ব্যাপারে কৃত্রিম উপায় অবলম্বিত হইল। মৃত্তিকার স্বাভাবিক উর্বরতা চলিয়া গেল। তাই কী শস্য, কী বিবিধ সবজি সর্বক্ষেত্রেই রাসায়নিক সারের মুখাপেক্ষী হইতে হইল। এত-দঞ্চলেও নয়া জমানার প্রভাব পড়িল।

ফলতঃ উৎপাদন বাড়িল; স্বাদ চলিয়া গেল। তা যাক। আজ জঠর-পূর্ণতাই এক সমস্যার বিষয়। কেননা, সব কিছুই অগ্নিমূল্য। জোগান ও চাহিদার তারতম্যের জন্যই এমনটি হয়। প্রচুর ভোক্তা; উৎপাদন তদনু-পাতিক নয়। এই বিষমতার মোকা-বিলা করা হইতেছে প্রধানতঃ নানা ভেজালের সহায়তায়। সরিষার তেলে সরিষা এক চতুর্থাংশ, বাকিটা নানা-বিধ তৈলিক ভেজাল। ঘৃতে—আসল কিছুই নাই, ঘৃতের সেন্টযুক্ত নানাবিধ চর্বি। তৈয়ারী খাদ্যই হোক, আর তাহার উপকরণাদিই হ'ক, শতকরা ৭৫ ভাগ ভেজালযুক্ত। দুধ, ঔষধপত্র কয়লা ঘুঁটে, কেরোসিন প্রভৃতি এমন জিনিস নাই যাহা ভেজাল শূন্য। কার-বাইডপক্ক ফল রংদার, কিন্তু স্বাদশূন্য। বরফের চাদরঢাকা মাছ বা হিমঘরের মাছ নামেই মৎস্য। রসনায় তাহার আভিজাত্যের পরিচয় মিলে না।

ইহার সহিত আরেক উপসর্গ। ব্যবসায়িক অসাধুতা। ফল অস্বাভাবিক দর। অগ্নিস্পর্শী দরের মোকাবিলা করা সাধারণের সাধ্যাতীত। টাকার মূল্য নামিয়াছে, অর্থনীতির সূত্রানুযায়ী তাই দর বাড়িয়াছে। ইহার উপর বিষস্ফোটক—মজুতদারী ও চোরা-কারবার। মণিকাঞ্চনযোগ।

এই শহর অঞ্চলে উল্লেখিত আধুনিক প্রভাব পুরামাত্রাই পড়িয়াছে। খাদকদের বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাইয়া কুলীন-অকুলীন সর্ব-শ্রেণীর মৎস্য পাকা ফল নানা শিল্প-নগরীতে পাড়ি জমাইতেছে। জঙ্গিপুরের আম-লিচু; মাছ. মিষ্টান্ন প্রভৃতির খাদ্যসুখ আজ স্বপ্নের কথা।

## জাতীয় সড়কে বাস লুঠ

ধুলিয়ান : গত ২০ সেপ্টেম্বর রাত্রে চকশা পুরের কাছে জাতীয় সড়কে বোল্ডার ও গাছপালা দিয়ে একটি শিলিগুড়ি গামী লাক্সারী বাস অবরোধ করে দুর্বৃত্তরা প্রায় ১৫ হাজার টাকার সিল্কের শাড়ী লুঠ করে নিয়ে পালিয়ে যায়। পরে সমসেরগঞ্জ থানার পুলিশ কাঁকুড়িয়া গ্রামের সেলিম সেখের বাড়ী থেকে কিছু শাড়ী উদ্ধার করে। সেলিম ও তার সহযোগী হাকিমকে পুলিশ গ্রেপ্তার করে।

## জঙ্গিপুর বারের একটি যুগের অবসান

জঙ্গিপুর : আজ ২৪ সেপ্টেম্বর স্থানীয় বারের সর্ব.শষ প্রবীণ আইনজীবী গণেশচন্দ্র চট্টোপাধ্যায় পরলোকগমন করেন। তিনি জঙ্গিপুর স্কুল, পুরসভা প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়ে-ছিল ৮১। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।

## জেলা সম্মেলন

ফরাক্কা : গত ২০ সেপ্টেম্বর স্থানীয় রিক্রিয়েশন ক্লাব সংলগ্ন মাঠে নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি ৩১তম মুর্শি-দাবাদ জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহঃ আবদুল বারি। বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ৪৫০ জন শিক্ষক প্রতিনিধি সম্মেলনে যোগ দেন।

## প্রফুল্ল গুপ্তের দু'খানি চিঠি

(১

স্নেহের অনুত্তম,

অনেকদিন তোমাকে দেখিনি, ভাল আছ তো? অবশ্য প্রায় প্রতি সপ্তাহেই "জঙ্গীপুর সংবাদের" মধ্যে দিয়ে তোমাকে পেয়ে থাকি। আজ তোমাকে একটা চিঠি লেখার কথা মনে হল। গত প্রায় এক মাস থেকে তোমার পত্রিকার শারদীয় সংখ্যার জন্য লেখা তৈরী করছি আর কেউ না কেউ আমার এই ঘরের টেবিল থেকে এক-রকম জোর করেই বলা চ'লে নিয়ে চলে যাচ্ছে। কাউকেই কিছু বলতে পারি না। সকলেই সারাবছর বিনি পয়সায় কাগজ পাঠায়; ডাক খরচও দিতে গেলে নেয় না। কিন্তু যারা লেখা নিয়ে গেল, তারা সব লেখাই যে ইতি-মধ্যে প্রকাশ করেছে, তা কিন্তু করেনি। দখলে রেখে দিল। ভারি খারাপ লাগে। এখন আমার শরীরের এবং চোখের যা অবস্থা তাতে আর কোন লেখা হয়তো আমি প্রস্তুত করতে পারবো না। কয়েকটা দিন থেকেই খুব কষ্ট পাচ্ছি। এখন মুক্তি চাচ্ছি। অনেক তো হ'ল। বর্তমান যুগের সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতেও পাচ্ছি না। রোগযন্ত্রণা এবং জীবন যন্ত্রণা একসঙ্গে মিশে দুঃসহ হয়ে উঠেছে। লিখি নেহাৎ অভ্যাসের বসে বলা চলে। সেদিন অমলেন্দুর 'ইদানীং' কাগজে আমার একটা লেখা —"নক্সাল যা হতে পারতো, কিন্তু তা হয়নি" প্রকাশ করেছিল, আর সেই-দিনই নক্সালরা বহরমপুর কান্দী সব হরতাল ডেকেছিল, ফলে ওর সেই সংখ্যার কাগজটা শেষ পর্য্যন্ত শুনেছি Black-এ বিক্রি হয়েছিল। যাই হোক মনে হ.চ্ছ আর হয়তো লিখতে পারবো না, যদি পারি তো পাঠিয়ে দেব। তোমরা সকলে ভাল আছ তো? স্নেহাশীষ।

গোরাবাজার ইতি—
বহরমপুর প্রফুল্লকুমার গুপ্ত
৫.৮-৮৬

(২)

স্নেহের অনুত্তম,

তোমার ৬/৯ তারিখে লেখা সং-ক্ষিপ্ত চিঠিটা আজ ১১/৯ তারিখে পেলাম। বলাবাহুল্য বহুদিন পরে তোমার চিঠি পেয়ে আনন্দ হ'ল। আমি অনেকদিন থেকেই নানা উপ-সর্গে কষ্ট পাচ্ছি, এখন চোখটাও আর কাজ করতে চাচ্ছে না. কিন্তু মনটার মধ্যে কোন হতাশা নেই, কোন বিক্ষোভ নেই অথবা কোন গ্লানি নেই। তুমি ছেলে মানুষ, নতুন জীবন, পুবদিকে সূর্য্য লাল হয়ে উঠছে, এখন তোমার মনে সূর্য্যাস্তের বিষণ্ণতা অথবা হতাশা আসবে কেন। আর গতানুগতিক জীবনের কথা যা লিখেছ এবং বেঁচে থাকার তাগিদেই বেঁচে থাকার কথা যা বলতে চেয়েছো, তার উত্তরে তোমাকে বলছি—শতকরা ৯৯ জন মানুষই সেই গতানুগতিক জীবনই যাপন করছে নাকি? একটা কথা হল—'জীবন যাপন', আর একটা কথা—'জীবনধারণ' বেশির ভাগ মানুষই জীবনধারণ করছে অর্থাৎ টিকে আছে। বিশ্ববিখ্যাত লেখক Oscar Wild-এর একটা কথা আছে জানতো? তিনি বলেছেন—"To live is the rarest thing in the world. Most People exist. that is all." বেশির ভাগ মানুষই গতানুগতিক জীবনে টিকে আছে কোন প্রকারে; সুতরাং মনটাকে অসুস্থ হতে দেবে না কোন সময়ে। আমার বর্তমান অবস্থাটা তুমি ধারণাই করতে পারবে না। পেটে আলসার, ঘাড়টা পঙ্গু একটা Stroke মত হয়ে গিয়েছে. চোখ—কোন প্রকারে লিখতে আমি পারি কিন্তু পড়তে Magnifier use করতে হয়। এদিকে রাত্রে ঘুম খুব কম হয়, অথবা হয় না বললেই চলে। নিঃসঙ্গ, একক। তবু কিন্তু মনটা আমার অসুস্থ হয়ে পড়েছে এমন কথা বলা চলে না। মাথাটা তো কাজ করছে। কিন্তু চোখের জন্য লেখা-পড়ার কাজ আর করতে পারব না মনে করেই তোমাকে এবং কান্দী বান্ধবকে চিঠি দিয়েছিলাম। কারণ তোমাদের সকলের কাছেই আমার ঋণ তোমরা আমাকে বারো মাস বিনি পয়সায় কাগজ পাঠিয়ে থাক। কিন্তু সম্পাদক কান্দী বান্ধব, সতু, চিঠি পেয়ে তার ছেলে কল্যাণকে পাঠিয়েছিল আমার কাছে, দাবী শারদীয়ার জন্য লেখা একটা আমাকে দিতেই হবে। আজ তোমার চিঠি এসে হাজির হল'। যাই হোক, তোমাকে লেখা একটা পাঠা-লাম। এই লেখাটা বেশ কিছুদিন আগে লেখা, বিশেষ একটা কাগজে দেব বলেই লিখেছিলাম। তোমার কাগজের স্বাদ আলাদা, মেজাজ ভিন্ন। তবু তোমার কথাটা রাখার জন্যই এই লেখাটাই তোমাকে পাঠা-লাম। এখন কথা (৪র্থ পৃষ্ঠায়)

# National Thermal Power Corporation Ltd.

(NTPC)

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT**

FARAKKA ; DIST. MURSHIDABAD ; WEST BENGAL

Ref. No. FS : 42 : O & M (Contracts) : 305/ Date :

Sealed Tenders are invited from experienced & Resourceful Contractors for the following work. Tender documents can be obtained in person showing the Registration and Credentials from the office of undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of Tender documents for the work. Tenderer desiring documents by post should send Rs. 20/- only extra for the work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft infavour NTPC Ltd., payable on State Bank of India at Fatakka along with a copy of proof registration and credentials

Tender documents will be on sale from 1st Oct. '86 to 10th Oct. '86 from 9-00 hrs. to 12-00 hrs. & 14-30 hrs. to 16-00 hrs. Tenders will be opened on 11th October '86 at 16-00 hrs. in presence of tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx. value of the work. (Rs.) | Earnest Money (Rs.) | Cost of Tender paper (Rs.) | Duration |
|---|---|---|---|---|---|
| 1. | EP Hoppers & bottom ash hoppers cleaning for unit 1 & 2 | 1,53,600 | 2% of the work value. | 50/- | 6 months duration |

## Terms and Conditions :

i) Proof of Registration, Tax Clearance Certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted along with the Tender.

ii) Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of Earnest money against any running bill is not acceptable and Earnest money to be submitted in any of the "Acceptable Form" as mentioned in Tender papers. Tenderers Registered with any other project of NTPC are not exempted from depositing EMD.

iii) NTPC takes no responsibility for delay Or non-receipt of Tender documents sent by post.

iv) NTPC does not bind itself to accept the lowest after OR any offer and reserves the right to cancel any OR all offers without assigning any reason.

v) The G. C. C. shall also be binding besides the special conditions which can be seen in the office of the undersigned.

**MANAGER (O&M/MTP)**

NTPC/FSTPP

## গণ অবস্থান

বহরমপুর : পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গৃহীত প্রগতিশীল শিক্ষানীতির উন্নতিকরণ, শিক্ষার সার্বিক স্বার্থে প্রশাসনিক গতিতত্ত্বের নিয়মানুযায়ী শিক্ষা প্রশাসনকে বিকেন্দ্রীকরণ ও গণমুখী করে তোলা, সর্বস্তরের গণতান্ত্রিক আন্দোলনের সমর্থনে, বিচ্ছিন্নতাবাদ ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে এবং দেশের সংহতি রক্ষা ইত্যাদির দাবীতে পশ্চিমবঙ্গ বিদ্যালয় পরিদর্শক সমিতির জেলা শাখা গত ৯ সেপ্টেম্বর স্থানীয় জেলা শিক্ষাভবন প্রাঙ্গণে অফিস চলাকালীন গণ অবস্থানে সামিল হন। সমিতির জেলা শাখার সম্পাদক প্রণব দত্ত বিভিন্ন দাবী দাওয়া ব্যাখ্যা করে সমিতির পরবর্তী কর্মসূচী সম্পর্কে বক্তব্য রাখেন। আগামী ২৮ ও ২৯ সেপ্টেম্বর সমিতির কেন্দ্রীয় স্তরে কলকাতায় গণ অবস্থান ও মুখ্যমন্ত্রীর কাছে গণ ডেপুটেশন দেওয়া হবে বলে জানা যায়।

## দুখানি চিঠি

(২য় পৃষ্ঠার পর)

হ'চ্ছে—যদি তোমার পছন্দ না হয়, তা হলে এই লেখাটা অবশ্যই ফেরত পাঠাবে আর মনোনীত হ'লে সঙ্গে পোষ্ট কার্ড রইল, একটু লিখে জানাবে। সময় কাটাবার জন্য মাঝে মাঝে লিখি যা মনে আসে, কোন উদ্দেশ্য নিয়ে নয়। বহরমপুরের কাগজ করে যারা, তারা এসে নিয়ে যায়। তুমি একটু দূরে থাক তো! আনন্দবাজার, যুগান্তর, বসুমতী প্রভৃতিতে যারা কাজ করতেন আমার সময়ে, তাঁরা এখন হয় অবসর গ্রহণ করেছেন না হয় মরে গিয়েছেন। আমি ৭/৮ বছর কোলকাতা ছেড়েছি; জানি না তো পৃথিবী ছেড়ে যাব আরও কতদিন পরে। ভাল থাক। স্নেহাশীষ।

গোরাবাজার — ইতি—
বহরমপুর — প্রফুল্লকুমার গুপ্ত
১১-৯-৮৫

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

Sealed Tenders are invited from experienced contractors for construction of a big room on the first floor (Labour work only) as per plan and specification. Detailed information to be obtained from college office by 9-10-86.

K. Chatterjee
Lecturer-in-charge
Jangipur College,
23-9-86

NTPC
**National Thermal Power Corporation Ltd.**
ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন
(A Govt. of India Enterprise)

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT**
Nabarun : Murshidabad : West Bengal
Pin : 742 236

**MATERIALS MANAGEMENT DEPTT.**
**TENDER FOR SALE OF SCRAP MATERIALS**

Sealed Tenders are invited from reputed parties for sale of scrap from NTPC Farakka project on "AS IS WHERE IS BASIS" for the following categories of Materials :—

Tender No : FS : 42 : MD : SSID : 02 — Dated 08-9-86

| LOT NO & DESCRIPTION | APPROX. QTY. |
|---|---|
| LOT NO : 1<br>Reinforcement steel scrap bars of assorted sections and generally of length less than 3 Metres. | 400 MT. |
| LOT NO : 2<br>Structural steel scrap of Angles, Channels, Beams, sheet piles etc. of length less than 3 Metres. | 662 MT. |
| LOT NO : 3<br>Scrap steel plates, unsheared edges, plate cut bits, fabricated off cuts of assorted sections. | 218 MT. |
| LOT NO : 4<br>Clad metal plate off cuts | 20 MT. |

TERMS & CONDITIONS :

1) Tender documents can be obtained from office of Manager Materials (Stores) on payment of Rs. 100/- by demand draft from any Nationalised Bank encashable at S.B.I. Branch, Farakka Barrage (Code No. 0218) in favour of NTPC or by cash payment at our cash counter. No other form of payment is acceptable.
2) Tenderers will have to deposit Earnest Money at the rate of 5% (per lot) of the total quoted value in Rupees in the form of demand draft.
3) The details given above are only indicative. Full details are given in our tender documents.
4) The offer will remain valid for 45 days from the date of Tender opening.
5) The dates for inspection of above scrap and sale of tender documents will be from 20-9-86 to 30-9-86.
6) NTPC is not responsible for any postal/communication delays.
7) Tender will be opened on 15th Oct '86 at 3.00 PM., in the presence of those who wish to be present. The offers received after tender opening date will not be considered.
8) NTPC reserves the right for sale of Tender documents, acceptance or rejection of any tender without assigning any reason whatsoever.

MANAGER (MATERIALS)

## কাজ বন্ধ রাখলেন

(১ পৃষ্ঠার পর)

ঘটনায় আরো জানা যায়, এ ব্যাপার মিটিয়ে ফেলতে বি ডি ওর উপর বিভিন্ন দিক থেকে চাপ আসে। কিন্তু বি ডি ও নির্দেশ দেন পুকুর সংস্কারের কাজ ঐ টাকার মধ্যেই সঠিকভাবে সম্পাদন না করলে তিনি টাকা মঞ্জুর করবেন না। ফলে ঠিকাদার আরো দু'মাস সময় নিয়ে সংস্কার কাজ সম্পন্ন করলে সঠিক বাবের ৬৭ হাজার টাকা মঞ্জুর করা হয়। বাকী ৩৩ হাজার টাকার অন্যান্য কাজ উপস্থিত বন্ধ আছে।

## চলে গেলেন

(১ পৃষ্ঠার পর)

বাজেয়াপ্তও হয়। তিনি তাঁর সারা জীবনের সমস্ত উপার্জন দান করে গেছেন গোরাবাজার আই, সি, ইনস্টিটিউশন, ও সারগাছি রামকৃষ্ণ মিশনকে। তাঁর মৃত্যু সংবাদে বহরমপুর শহরে শোকের ছায়া নেমে আসে। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।

নিখুঁত টিভি
প্যানোরামা
এক বছরের গ্যারান্টিসহ
বিক্রেতা :
টেলিস্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বি দ্রঃ টিভি সারভিসিং করা হয়।

পূজো উপলক্ষে "সেনগুপ্ত ফার্ণিচার হাউস" আপনাদের জানাচ্ছে একটি আনন্দ সংবাদ। আগামী ২০শে সেপ্টেম্বর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত যাবতীয় ষ্টীল ফার্ণিচারে ৫% ছাড় দেওয়া হচ্ছে। এই সুযোগে বেছে নিন আপনার পছন্দ মতো জিনিস। সব রকম ষ্টীল ফার্ণিচারে ১ বৎসরের ফ্রী সার্ভিস ও গ্যারান্টি দেওয়া হয়।

সেনগুপ্ত ফারণিচার হাউস রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।